দৈনিক সংবাদ

বাংলাদেশ শিক্ষা তথ্য ও পরিসংখ্যান ব্যুরো
ডকুমেন্টেশন কেন্দ্র

তারিখ ... 14 JUL 1995 ...
পৃষ্ঠা ৮ কলাম

১৪

# ছাত্রনেতা আহমেদউল্লাহর হত্যাকারীদের গ্রেফতার ও বিচার দাবি

(বুয়েট সংবাদদাতা)

প্রকৌশল বিশ্ববিদ্যালয়ের সর্বদলীয় ছাত্রঐক্য গতকাল বৃহস্পতিবার এক সাংবাদিক সম্মেলনে বিশ্ববিদ্যালয়ের ছাত্রনেতা আহমেদউল্লাহর হত্যাকারীদের গ্রেফতার ও বিচার এবং বিশ্ববিদ্যালয়ে ছাত্র রাজনীতির উপর আরোপিত নিষেধাজ্ঞা প্রত্যাহারের দাবি জানায়।

সাংবাদিক সম্মেলনে সর্বদলীয় ছাত্র ঐক্যের নেতৃবৃন্দ বলেন, আহমেদউল্লাহর হত্যাকান্ডের ৪০ দিন অতিবাহিত হওয়ার পরও পুলিশ কাউকে গ্রেফতার করতে পারেনি। এবং এ ব্যাপারে তারা নির্লিপ্ত রয়েছে। নেতৃবৃন্দ অবিলম্বে হত্যাকারীদের খুঁজে বের করে গ্রেফতারের দাবি জানিয়েছেন।

ছাত্রঐক্যের নেতৃবৃন্দ বিশ্ববিদ্যালয়ে রাজনৈতিক কর্মকান্ডের উপর আরোপিত নিষেধাজ্ঞা প্রত্যাহারের দাবি জানিয়ে বলে, ছাত্র সমাজের রাজনৈতিক সচেতনতাই সন্ত্রাস-নৈরাজ্যের বিরুদ্ধে কার্যকর প্রতিরোধ গড়ে তুলতে পারে।

বুয়েট ক্যাফেটোরিয়ায় অনুষ্ঠিত সাংবাদিক সম্মেলনে লিখিত বক্তব্য পাঠ করে শোনান সমাজতান্ত্রিক ছাত্রফ্রন্ট বুয়েট শাখার আহ্বায়ক মনজুরা হক নীলা। উপস্থিত ছিলেন, জাতীয়তাবাদী ছাত্রদল বুয়েট শাখার আহ্বায়ক এস, এস জাহাঙ্গির আলম, ছাত্রলীগ (শা-পা) বুয়েট শাখার সভাপতি, মঞ্জুরুল হক, সাধারণ সম্পাদক আতাউল মাহমুদ, ছাত্র ইউনিয়ন বুয়েট শাখার সাধারণ সম্পাদক আনোয়ার সাদাত, ছাত্রলীগ (কা-চু) বুয়েট শাখার সাংগঠনিক সম্পাদক কাজি আব্দুল মতিন প্রমুখ।